

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪ ১৮(আগরতলা ১১)
তেলিয়ামুড়া, ১ জানুয়ারি, ২০২৪

প্রধানমন্ত্রী জনজাতি আদিবাসী ন্যায় মহাভিযান

কাঁকড়াছড়া ভিলেজে সচেতনতা শিবির

‘প্রধানমন্ত্রী জনজাতি আদিবাসী ন্যায় মহাভিযান’ প্রকল্প সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সম্প্রতি মুঙ্গিয়াকামী ইউকের কাঁকড়াছড়া ভিলেজে এক সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। ভিলেজের রিয়াৎ জনগোষ্ঠী অধ্যুষিত হাজরা পাড়াতে আয়োজিত এই শিবিরে উপস্থিত ছিলেন মুঙ্গিয়াকামী বিএস’র চেয়ারম্যান সুনীল দেববর্মা, অতিরিক্ত ব্লক আধিকারিক স্ট্রিফেন রিয়াৎ সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। শিবিরে বিএস’র চেয়ারম্যান শ্রী দেববর্মা বলেন, পিছিয়েপড়া জনজাতিদের শিক্ষা, স্বাস্থ্য, আর্থ সামাজিক উন্নয়নের পাশাপাশি তাদের বসবাসরত এলাকার পরিকাঠামোগত উন্নয়নেও এই প্রকল্পের মাধ্যমে কাজ করা হবে। এদিনের শিবিরে কাঁকড়াছড়া, নোনাছড়া, তাঁইকর্ম এডিসি ভিলেজের জনগণ অংশগ্রহণ করেন।
